




# যায়ে খানয় চাষ পদ্ধতি

৩

## কৃষিতাত্ত্বিক ব্যবস্থাপনা



### রচনা ও সম্পাদনায়

- শাহ আশাদুল ইসলাম এস.এস.ও
- ড. মো. আদিল বাদশাহ পি.এস.ও
- ড. মো. খায়রুল আলম ভূঁইয়া পি.এস.ও
- ড. মো. আবুবকর সিদ্দিক সরকার পি.এস.ও
- ড. মো. শহীদুল ইসলাম সি.এস.ও এবং প্রধান



### কৃষিতত্ত্ব বিভাগ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

## ভূমিকা

আউশ ও আমন মওসুমের তুলনায় বোরো মওসুমে নির্বিঘ্নে ধান চাষ করা যায়। কারণ এ সময় বৃষ্টিপাত তেমন হয় না, সূর্যের আলোও বেশি পাওয়া যায়। তবে বর্তমানে আকস্মিক বন্যা, শৈত্যপ্রবাহ, শিলাবৃষ্টি, লবণাক্ততা, জলোচ্ছাস প্রভৃতি বৈশ্বিক পরিবর্তন চাষাবাদকে ব্যহত করছে। কিন্তু যথাযথ পদ্ধতিতে বোরো ধান চাষ করলে বৈশ্বিক ঝুঁকি এড়িয়ে কাজিখিত ফলন অর্জন সম্ভব। আর এ জন্য নিচের বিষয়গুলি যথাযথভাবে অনুসরণ করতে হবে:

## অঞ্চল উপযোগী জাত নির্বাচন

বাংলাদেশে ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) ইতোমধ্যে বোরো মওসুমের উপযোগী অনেকগুলো ধানের জাত অবমুক্ত করেছে। এগুলো কিছু স্বল্প (১৪০-১৫০ দিন) ও কিছু দীর্ঘ (>১৫০ দিন) মেয়াদি জাত। জমির উর্বরতা, ফলন ও বাজারের চাহিদার ভিত্তিতে উপযুক্ত জাত নির্বাচন করতে হবে। সকল জমিতে এক জাতের ধান চাষ না করে একই জীবনকালের বিভিন্ন জাতের চাষ করা যেতে পারে। নিম্নের ছকে অঞ্চল ভিত্তিক উপযুক্ত জাতের নাম দেয়া হলো-

## ছক ১: অঞ্চল ভিত্তিক উপযুক্ত জাত

অঞ্চল	অঞ্চলের বৈশিষ্ট্য	জাত
মধ্য, পূর্ব ও পশ্চিমাঞ্চল: বৃহত্তর ঢাকা, টাঙ্গাইল, ময়মনসিংহ, যশোর, কুষ্টিয়া, কুমিল্লা এবং নোয়াখালী ও চট্টগ্রাম (আংশিক)	অনুকূল আবহাওয়া	ব্রি ধান২৮, ২৯, ৫৮, ৬৩, ৭৪, ৮১, ৮৮, ৮৯, ৯২, ৯৬ এবং ব্রি হাইব্রিড ধান৩ ও ৫
শীতপ্রবণ অঞ্চল: বৃহত্তর রংপুর, দিনাজপুর, রাজশাহী ও বগুড়া	চারো রোপণ এবং প্রাথমিক বৃদ্ধি পর্যায়ে দীর্ঘ শীত	ব্রি ধান২৮, ২৯, ৫৮, ৬৩, ৭৪, ৮১, ৮৮, ৮৯, ৯২, ৯৬ এবং ব্রি হাইব্রিড ধান৩ ও ৫
হাওর অঞ্চল: সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, নেত্রকোনা ও কিশোরগঞ্জ	পাকার সময় আগাম চৈতালী ঢল আসার সম্ভাবনা থাকে এবং ধানের থোড় পর্যায়ে ঠান্ডার কবলে পড়তে পারে	ব্রি ধান২৮, ২৯, ৬৭, ৮৮, ৮৯ এবং ব্রি হাইব্রিড ধান৫
বিল অঞ্চল: গোপালগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া ও কুমিল্লার অংশ বিশেষ	নীচু এলাকা	ব্রি ধান২৮, ২৯, ৫৮, ৬৩, ৭৪, ৮৯, ৯২, ৯৬ এবং ব্রি হাইব্রিড ধান৩ ও ৫
উপকূলীয় অঞ্চল: সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, বরগুনা, পটুয়াখালী, ভোলা, নোয়াখালী ও কক্সবাজার	জোয়ার ভাটা প্রবণ অঞ্চল, মাটি ও পানিতে লবণাক্ততা আছে	ব্রি ধান৪৭, ৫৫, ৬১, ৬৭, ৯৭ ও ৯৯
জোয়ার ভাটা অলবণাক্ত অঞ্চল: বরিশাল এবং পিরোজপুর, পটুয়াখালী ও বরগুনা জেলার আংশিক	জোয়ার ভাটা আসে কিন্তু মাটি ও পানি লবণাক্ত নয়	ব্রি ধান২৮, ২৯, ৫৮, ৭৪, ৮৮, ৮৯, ৯২, ৯৬ এবং ব্রি হাইব্রিড ধান৫

## বপন ও রোপণের সময়

কাজিখিত ফলন পাওয়ার জন্য অঞ্চলভেদে বপন ও রোপণের সময় নির্ধারণ খুবই গুরুত্বপূর্ণ। ছক-২ এ অঞ্চল ও ইকোসিস্টেম ভিত্তিক বোরো মওসুমে বপন ও রোপণের সময় উল্লেখ করা হলো।

